

37

ইসলামী বিশ্ববিদ্যালয়

সংকট নিরসনে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্যোগ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-পাতা ॥ সরকার ইসলামী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখায় শৃংখলা আনয়ন, সেশন জট হাস, প্রশাসনিক অনিয়ম, দুর্নীতি বন্ধ, আর্থিক সংকট (আড়াই কোটি টাকার বাজেট সীমিত) নিরসন, শিক্ষক-কর্মচারীদের গত দুই মাসের বেতন প্রদান এবং সর্বোপরি গত দুইমাস যাবৎ বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলাবস্থা নিরসনকল্পে বেশ কিছু প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করিতেছে বলিয়া গতকাল (বুধবার) সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়াছে। সূত্র জানায়, বর্তমান ট্রেজারার কে, এম রশিদুল হকের মেয়াদ গতকাল শেষ হইয়া যাওয়ায় আজকের মধ্যে একজন নতুন ট্রেজারার নিয়োগ এবং তাহাকে ভাইস-চ্যান্সেলর পদে (২য় পূঃ ৩-এর কঃ দ্রঃ)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

ভারপ্রাপ্ত দায়িত্ব দিয়া শিক্ষক-কর্ম-কর্তা-কর্মচারীদের বকেয়া বেতন পরিশোধ এবং বিশ্ব বিদ্যালয়ের কার্যক্রম চালুর ব্যবস্থা নেওয়া হইবে।

এদিকে আজকের মধ্যে তিসিকে অপসারণ করা না হইলে শিক্ষক সমিতির সিদ্ধান্ত মোতাবেক সকল শিক্ষক আগামী ৩১ আগষ্ট চ্যান্সেলর প্রধান-মন্ত্রীর কার্যালয়ে অবস্থান ধর্মঘট, ১ সেপ্টেম্বর একই স্থানে প্রতীক অনশন এবং ২ সেপ্টেম্বর হইতে আমরণ অনশন কর্মসূচী পালন করিবেন বলিয়া ইতিমধ্যে জানান হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সারোয়ার জাহান ইত্তেফাকে প্রকাশিত তিসির বিবৃতিতে হাস্যকর ও লজ্জাজনক হিসাবে উল্লেখ করিয়া বলিয়াছেন, দুর্নীতি, অর্থ আত্মসাৎ ও ভাড়াটিয়া মান্তান ব্যবহার এবং একের পর এক গুরুতর অভিযোগের ভারে ক্লান্ত হইয়া তিনি মামলার ভয়েই পদত্যাগের প্রসংগটি বার বার এড়াইয়া বিভ্রান্তিমূলক বিবৃতি প্রদান করিতেছেন।